যুগান্তর

তারিখ ... 31 JUL 2015 ..
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

# মেডিকেল শিক্ষার্থীদের 'ক্যারি অন' সিস্টেম পুনর্বহালের দাবি

যুগান্তর রিপোর্ট

মেডিকেল শিক্ষার্থীদের শিক্ষাজীবনকে স্বাভাবিক করতে ২০১২ সালে প্রণীত নতুন কারিকুলামে 'ক্যারি অন' সিস্টেম পুনর্বহালের দাবি জানিয়েছেন সম্মিলিত মেডিকেল শিক্ষার্থীরা। বৃহস্পতিবার জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। সংগঠনের মুখপাত্র স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজের শিক্ষার্থী তাজ মো. মঞ্জুরুল হক বলেন, কোনো পেশাগত পরীক্ষায় অবতীর্ণ হওয়ার পর পরবর্তী বর্ষের ক্লাসে অংশগ্রহণ করতে পারার প্রথাকে মেডিকেল শিক্ষা ব্যবস্থায় 'ক্যারি-অন' সিস্টেম বলা হয়। তিনি বলেন, ২০০২ সালের প্রণীত কারিকুলাম অনুযায়ী একজন শিক্ষার্থী প্রথম পেশাগত পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা অর্জনের পরেই ২য় পেশাগত পরীক্ষার যাবতীয় ক্লাসে অংশগ্রহণের অনুমোদনপ্রাপ্ত হতো। এই কারিকুলামে পেশাগত পরীক্ষা ছিল ৩টি এবং একজন শিক্ষার্থী কোনো বিষয়ে উত্তীর্ণ না হলেও ৬ মাস পর অনুষ্ঠিত সাপ্লিমেন্টারিতে কৃতকার্য হলে তার শিক্ষাবর্ষ পিছিয়ে পড়ত না। কিন্তু নতুন কারিকুলাম অনুযায়ী একজন শিক্ষার্থী প্রথম সাপ্লিমেন্টারি পরীক্ষায় কৃতকার্য হলেও সে তার শিক্ষাবর্ষ থেকে ৬ মাস পিছিয়ে যাবে। এ ক্ষেত্রে পিছিয়ে যাওয়া শিক্ষার্থীদের নিয়ে নবগঠিত ব্যাচের একাডেমিক কার্যক্রম সম্পর্কে সুস্পষ্ট দিকনির্দেশনা এ কারিকুলামে নেই। সংবাদ সম্মেলনে বলা হয়, এই কারিকুলাম প্রবর্তনের ফলে মেডিকেল শিক্ষা ব্যবস্থা স্থবির হয়ে পড়বে। প্রাতিষ্ঠানিক অবকাঠামোর অপ্রতুলতা এবং পর্যাপ্ত শিক্ষকের অভাবে দুটি চলমান ব্যাচের সঙ্গে একটি ব্যাচের শিক্ষা কার্যক্রমের সমন্বয় সাধন অসম্ভব হয়ে দাঁড়াবে। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন— ঢাকা মেডিকেল কলেজের শিক্ষার্থী আবদুল্লাহ আল নোমান, ময়মনসিংহ মেডিকেল কলেজের রাশিক আহমেদ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজের শিক্ষার্থী প্রিয়াংকা নওশীন প্রমুখ।